



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

১১ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সংস্থার ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী:

সভার সভাপতি : জনাব আশুতোষ লাহিড়ী, মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
সভার তারিখ ও সময় : ১১ ডিসেম্বর, ২০১৮, বেলা ১১.৩০ ঘটিকা।
সভার স্থান : মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র.নং	নাম	পদবী
১.	জনাব মোঃ আবুল কালাম আজাদ	যুগ্মসচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২.	ড. বশির আহমেদ	উপ ব্যবস্থাপক (এএসসি) বিএডিসি, ঢাকা।
৩.	জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ	সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৪.	জনাব মোঃ জাম্মাতুল মিয়া	উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ, যুগ্মসচিব (সওব্য) সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

২। ২০১৮-১৯ অর্থ বছরের জন্য প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	বাজেট বরাদ্দ: সভায় জানানো হয় যে, ইনোভেশন কার্যক্রমে প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, পাইলটিং, শৌকেসিং, পুরস্কার প্রদান ইত্যাদি কার্যক্রমের জন্য ৩ লক্ষ টাকা বাজেট প্রদান করা হয়।	ইনোভেশন কার্যক্রমের জন্য জরুরী ভিত্তিতে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগে বাজেট বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ জানানো হল।	অর্থ বিভাগ ও সওব্য বিভাগ
২.	প্রশিক্ষণ/ কর্মশালার আয়োজন: সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক ০৪টি একদিনের কর্মশালা, ৫০ জন ও ২৫ জনের যথাক্রমে ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণের আয়োজনের প্রয়োজন হবে। সেই প্রেক্ষিতে ১ দিনের কর্মশালার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ক) ইনোভেশন কমিটির সদস্য জনাব মোঃ জাম্মাতুল মিয়া, উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা এবং জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক প্রস্তাবিত খরচের হিসাব প্রদান করবেন এবং অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ থেকে বাজেট চেয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। আগামী ০২ (দুই) দিনের মধ্যে মডিউল চূড়ান্ত করতে হবে। ডিসেম্বর ও জানুয়ারী মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। খ) প্রশিক্ষণ আয়োজনের পূর্বে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	১। জনাব মোঃ জাম্মাতুল মিয়া, উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা এবং জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা ২। অর্থ বিভাগ ও সওব্য বিভাগ
৩.	উদ্ভাবনী ধারণা পাইলটিং: সভায় জানানো হয় যে, বর্তমান অর্থ বছরে কমপক্ষে ০২ টি পাইলটিং রিপ্লিকেশন করতে হবে।	ক) ইনোভেশন কমিটির সদস্য জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা মোবাইলের মাধ্যমে প্রিপেইড মিটারে রিচার্জ বিষয়ে পাইলটিং এর প্রতিবেদন ০২ (দুই) দিনের মধ্যে সওব্য বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করবেন।	১) জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।

ক্র:নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		খ) জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা এর অনলাইনের মাধ্যমে কৃষকদেরকে স্থানীয় সার ডিলারদের তথ্য সেবা প্রদানের বিষয়ে ধারণার (idea) পাইলটিং/বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে তা দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হলো হবে।	২) জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা।
মন্ত্রণালয়ের ইনোভেশন সভার সিদ্ধান্তসমূহ:			
৪.	২, ৫, ও ১ দিনের প্রশিক্ষণ আয়োজনের পূর্বে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। এরূপ সিদ্ধান্ত আছে বিধায় প্রশিক্ষণ আয়োজনের পূর্বে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।		সওব্যা বিভাগ
৫.	ইনোভেশন কর্ণারে তথ্য সংযোজন: যেসকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে ইনোভেশন কর্ণারের তথ্য নেই সেসকল সংস্থার ওয়েবসাইটে ইনোভেশন কর্ণারের তথ্য যুক্ত করতে হবে। এ বিষয়ে কারিগরি সহায়তার জন্য ন্যাশনাল পোর্টাল গ্রুপের (http:// www.facebook.com/groups/NPFEAM/) সাথে যোগাযোগ করতে হবে।		আইসিটি সেল

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ও
ইনোভেশন অফিসার, বিএডিসি।

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.০৬.০০৯.১৮. ৮২০

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৫
১২ ডিসেম্বর ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোঃ জুলফিকার আলী, জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ২। ড. বশির আহম্মেদ, উপ ব্যবস্থাপক (এএসসি), বিএডিসি, ঢাকা।
- ৩। সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী(নির্মাণ), বিএডিসি, ঢাকা।
- ৪। জনাব মোঃ জামাতুল মিয়া, উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।
- ৫। জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা।
- ৬। মহাব্যবস্থাপক (বীজ/পাটবীজ/সার ব্যবস্থাপনা/অর্থ), বিএডিসি, ঢাকা।
- ৭। প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (নিওক), বিএডিসি, ঢাকা।
- ৯। অফিস কপি।


(মোঃ আবুল কালাম আজাদ)
যুগ্ম-সচিব, (সওব্যা)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, ইনোভেশন কমিটি